



হাদির ওপর হামলায় ব্যবহৃত মোটরসাইকেল শনাক্ত, মালিক গ্রেপ্তার



সংগৃহীত ছবি

রোববার (১৪ ডিসেম্বর) এক খুদে বার্তায় পুলিশ জানিয়েছে, ওসমান হাদির ওপর হামলায় ব্যবহৃত মোটরসাইকেলটি শনাক্ত করা হয়েছে এবং এর মালিককে গ্রেপ্তার করা হয়েছে।

এদিকে, গুলির ঘটনায় প্রধান সন্দেহভাজন ফয়সাল করিম মাসুদকে বহনকারী মোটরসাইকেলের চালককে শনাক্ত করার দাবি করেছে ডিজিটাল অনুসন্ধানমূলক সংবাদমাধ্যম দ্য ডিসেন্ট। তাদের অনুসন্ধানে উঠে এসেছে, ওই বাইকের চালকের নাম আলমগীর হোসেন। ফেসবুকে তিনি 'মোহাম্মদ আলমগীর শেখ' নামে পরিচিত।

প্রতিবেদনে বলা হয়, আলমগীর তার ফেসবুক পোস্টে নিয়মিত রাজধানীর মোহাম্মদপুরের আদাবর এলাকার 'সুনিবিড় হাউজিং'-এর জিওট্যাগ ব্যবহার করতেন। এছাড়া, তার প্রোফাইলে থাকা বিভিন্ন ছবির সঙ্গে ওসমান হাদির গণসংযোগকালে গত ৫ ও ১২ ডিসেম্বর তোলা ছবি তুলনামূলকভাবে বিশ্লেষণ করে পরিচয় নিশ্চিত করা হয়েছে।

দ্য ডিসেন্ট আরও জানায়, গত ৫ ডিসেম্বর শিল্পকলা একাডেমি এলাকায় অনুষ্ঠিত হাদির নির্বাচনী প্রচারণায় আলমগীরের উপস্থিতির প্রমাণও পাওয়া গেছে।